



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: WorkSheet- 11

Class: 3

Subject: Bengali Gram (বোধশক্তির বিচার)

Date: 26/08/2020



ভারত আমার দেশ । এদেশে হিন্দু, মুসলমান, বৌদ্ধ, জৈন, শিখ, খ্রিস্টান ইত্যাদি নানা ধর্মের লোক বাস করে । সারা ভারত জুড়ে কত রকমের ভাষা কত রকমের পোষাক পরিচ্ছেদ, কত রকমের খাবার খাওয়ার অভ্যাস । উত্তর ভারতের ভাষা হিন্দি, মারাঠি, গুজরাটি, ওড়িয়া, বাংলা, অসমিয়া, উর্দু প্রভৃতি । দক্ষিণ ভারতের ভাষা তামিল, তেলেগু, কন্নড় ও মালায়ালাম । আমরা কেউ পরি ধুতি-পাঞ্জাবি, কেউ পরি শার্ট-কোট-প্যান্ট । পাজামা-লুঙ্গি-কুর্তা-চাপকান ও কত মানুষ পরে । মেয়েরা পরেন শাড়ি, না হয় সালোয়ার কামিজ ওড়না । কেউ খান মাছ ভাত । কারও পাতে ডাল রুটি । সামাজিক ও ধর্মীয় জীবনে আমরা নানা মত ও নানা পথে বিশ্বাস । তবু 'বিবিধের মাঝে দেখ মিলন মহান' । ভারতে বিরাজ করছে বৈচিত্রের মধ্যে ঐক্য ।

প্রশ্ন:-

- ১। আমাদের দেশের নাম কী ?
- ২। ভারতে কোন কোন ধর্মের লোক বসবাস করে ? দুটির নাম লেখ ।
- ৩। উত্তর ভারতের লোকেরা কী কী ভাষায় কথা বলে ? দুটির নাম লেখ ।
- ৪। দক্ষিণ ভারতের লোকেরা কী কী ভাষায় কথা বলে ? দুটির নাম লেখ ।
- ৫। ভারতের মেয়েরা সাধারণত কী পোষাক পরেন ?
- ৬। ভারতের ছেলেরা সাধারণত কী পোষাক পরেন ?

৭। ঠিক অথবা ভুল লেখ:-

ক। উত্তর ভারতের লোকেরা কন্নর ভাষায় কথা বলে ।

খ। দক্ষিণ ভারতের ভাষা হল তামিল ।

গ। সারা ভারতের লোকেরা একটি মাত্র ভাষায় কথা বলে ।

৮। শূন্যস্থান পূরণ কর:-

ক) _____ ও _____ জীবনে আমরা নানা মত ও নানা পথে বিশ্বাসী ।

খ) ভারতে বিরাজ করছে বৈচিত্রের মধ্যে _____ ।

গ) কেউ খান _____ ।

৯। বাক্যরচনা কর:-

ক। ভাষা =

খ। অভ্যাস =

গ। ডালরুটি =

Manashi Chaudhuri